

# বার্তা এখন

দক্ষিণবঙ্গের সম্পূর্ণ সাপ্তাহিকী

## স্বেচ্ছাসেবী সংস্থার সাহায্যে ঘরে ফিরল চারবছর ধরে নিখোঁজ থাকা গৃহবধু

সুভাষচন্দ্র দাশ ঃশ্রদ্ধা নামক মুম্বইয়ের এক স্বেচ্ছাসেবী সংস্থার হাত ধরে বাড়ীতে ফিরছেন বছর চল্লিশ বয়সের বীনা চক্রবর্তী নামে এক গৃহবধু। দীর্ঘ প্রায় চার বছর নিখোঁজ থাকার পর আচমকা পরিবারের সদস্যকে ফিরে পেয়ে আনন্দে আপ্ত সবাঁই।

প্রায় ২০ বছর আগে ক্যানিং এর মধ্য নারায়ণপুরের মেয়ে বীনার বিয়ে হয়েছিল পাশের পশ্চিম নারায়ণপুর গ্রামের বনমালী চক্রবর্তীর সাথে। বাবার মৃত্যুর পর থেকে বীনা শোকে ভেঙে পড়েন। বীনা প্রায় পাঁচবছর আগে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে বলে পরিবার সূত্রে খবর। আচমকাই সকলের অলক্ষ্যে চারবছর আগে বাড়ী থেকে বেরিয়ে নিখোঁজ হয়ে যান বীনা। পরিবারের লোকজন বিস্তর খোঁজাখুঁজি করে না পেয়ে হতাশ হয়ে খুঁজে পাওয়ার আশা ছেড়েই দিয়েছিলেন। লকডাউনের রেশ কাটলে আবারও তার খোঁজ শুরু করেন পরিবারের সদস্যরা। অন্যদিকে,



মানসিকভাবে ভারসাম্যহীন বীনা ঘুরতে ঘুরতে ২০১৯ সালে পৌঁছে যান গুজরাতের এক মহিলা সমিতির কাছে। এরপর ওই মহিলা সমিতি বীনাকে মুম্বইয়ের শ্রদ্ধা নামক এক স্বেচ্ছাসেবী সংস্থার হাতে তুলে দেয়। সেখানে চিকিৎসায় সুস্থ হতে শুরু করেন বীনা। তাকে জিজ্ঞাসাবাদ করে স্বেচ্ছাসেবী সংস্থার সদস্য সমর বসাক, কবিতা তিরকেরা মুম্বই থেকে বীনাদেবীকে নিয়ে তার গ্রামের বাড়ীতে হাজির হন। তাঁর সমস্ত ওষুধ বীনামূল্যে পাঠিয়ে দেওয়ার আশ্বাস দিয়েছেন ওই স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যরা।